



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৮০৭

তারিখ: ১৭-০৯-২০২৩

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৮-০৯-২০২৩ তারিখের আবেদন (আইডি- (২২২৪৮)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার চিতলমারী উপজেলাধীন শৈলদাহ এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয় এর নিয়মিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মোঃ নূরুল হক কাজী একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭-০৯-২০২৩

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

উপজেলা নির্বাহী অফিসার
চিতলমারী, বাগেরহাট।

নথি নং-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৮০৭ (৬)

তারিখ: ১৭-০৯-২০২৩

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, বাহেরহাট।
- ২। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চিতলমারী, বাগেরহাট।
- ৪। প্রধান শিক্ষক, শৈলদাহ এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয়, চিতলমারী, বাগেরহাট।
- ৫। অভিযোগকারী, জনাব মোঃ নূরুল হক কাজী (মোবাইল নং-০১৭৭৭৫২৭২৫২), চিতলমারী, বাগেরহাট।
- ৬। অফিস নথি।

১৭-০৯-২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর,

চেয়ারম্যান মহোদয়,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।


বিষয়ঃ বাগেরহাট জেলার চিতলমারী থানার শৈলদাহ এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয় (EIN: 136297) এর
গত ইং ৩০/০৭/২০২৩ তারিখের প্রকাশিক গভর্নিং বডি'র নির্বাচনী তফসীলের কার্য স্থগিতের জন্য আবেদন।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ নুরুল হক কাজী। আমি অত্র বিদ্যালয়ের একজন
অভিভাবক সদস্য হইতেছি। অত্র বিদ্যালয়ের তিন জন দাতা সদস্য জনাব ১। ওয়াহেদুজ্জামান ২। দোলেনা বেগম
৩। হামিদা বেগম গন ২০১১ সালে তিনজন মিলে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মূল্যমানের ৩৫ (পঁয়ত্রিশ)
শতক জমি ২০১১ সালে দলিল দিয়াছেন। যাহাতে দাতা সদস্যগন অস্থায়ী সদস্যপদ লাভ করিয়াছিলেন। বহু বছর
পূর্বেই তাহারা সদস্যপদ হারাইয়াছেন। কিন্তু অত্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক আইনের তোয়াক্কা না করিয়া
বেআইনীভাবে মেয়াদ উত্তীর্ণ অস্থায়ী দাতা সদস্যদের নিয়ে ভোটার তালিকা নির্ধারন করেন। এবং ৩০/০৭/২০২৩
ইং তারিখে থানা শিক্ষা অফিসার প্রিজাইডিং অফিসার হিসেবে নির্বাচনী তফসীল প্রকাশ করায় আমি গত ইং
৩১/০৭/২০২৩ তারিখে জেলা প্রশাসক মহোদয় বরাবরে ভোটার তালিকা বাতিল পূর্বক নতুন ভোটার তালিকা
হালনাগাদের জন্য একখানা দরখাস্ত আনায়ন করি। যাহা জেলা শিক্ষা অফিসার বাগেরহাট বরাবরে তদন্ত পূর্বক
প্রতিবেদন দেওয়ার জন্য প্রেরন করেন। গত ইং ০৪/০৯/২০২৩ তারিখে জেলা শিক্ষা অফিসার বাগেরহাটে অত্র
প্রতিষ্ঠানের হেডমাস্টার সহ সংশ্লিষ্ট সকলকে ডেকে ডকুমেন্টন সহ বক্তব্য শোনেন। তাতে হেডমাস্টার সাহেব
সন্তোষ জনক কোন ব্যাখ্যা দিতে পারেন নাই এবং ভুল স্বীকার করেন। বিধায় অত্র প্রতিষ্ঠানে আগামী
১০/০৯/২০২৩ ইং তারিখে সভাপতি নির্বাচনের জন্য দিন ধার্য থাকার সার্বিক বিষয় বিবেচনায় যথাসম্ভব দ্রুত
সময়ের মধ্যে পরবর্তি নির্বাচনী কার্যক্রম বন্ধ ও তফসীল বাতিল হওয়ার আদেশ হওয়া আবশ্যিক। অন্যথায় অত্র
প্রতিষ্ঠানের মারাত্মক ক্ষতির কারন হইবে।

অতএব, প্রার্থনা জনাব দয়া প্রকাশে ন্যায় বিচারের স্বার্থে বিষয়ে উল্লেখিত নির্বাচনী তফসীল বাতিল পূর্বক
নির্বাচনী কার্যক্রম স্থগিতের আদেশ দানে সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক



নাম মোঃ নুরুল হক কাজী

পিতা মাত রুস্তম কাজী

গ্রাম শৈলদাহ

উপজেলা চিতলমারী, জেলা বাগেরহাট

মোবাইঃ ০১৭৭৭৫২৭২৫২।

সংযুক্তিঃ

- ১। ৯৯৪ নং রেজিস্ট্রকৃত দলিলের ফটোকপি ০৯ পাতা
- ২। জেলা প্রশাসক বরাবরে দরখাস্তের ফটোকপি ০১ পাতা
- ৩। নির্বাচনী তফসীল এর ফটোকপি ০১ পাতা